



Sudip Roy Barman
MINISTER

Government of Tripura
Department of Health & FW,
Science, Tech. & Environment,
I&C (IT), PWD (DWS)
☎: 0381-241-4047
☎: +91 9436123541
✉: sudip.roybarman@gmail.com


D.O. No..... Date.

জাতীয় কৃমিনাশক দিবস উপলক্ষে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ত্রিপুরা সরকারের আবেদন

সারা দেশের সঙ্গে ত্রিপুরাতেও ১০ আগস্ট ২০১৮ জাতীয় কৃমিনাশক কর্মসূচী সংগঠিত করা হবে। আমাদের রাজ্যে শিক্ষা (বিদ্যালয়) দপ্তর, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর এবং জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, ত্রিপুরা সরকার যৌথ ভাবে এই কর্মসূচী রূপায়নের উদ্যোগ নিয়েছে। যে সমস্ত ছেলে-মেয়েকে ১০ আগস্ট ২০১৮ কৃমিনাশক ওষুধ খাওয়ানো সম্ভবপর হবে না তাদের ১৭ ও ১৮ আগস্ট ২০১৮ মপ আপ দিবসে এই ওষুধ খাওয়ানো হবে।

এই কৃমিনাশক কর্মসূচীতে রাজ্যের ১ থেকে ১৯ বছর বয়স পর্যন্ত সমস্ত ছেলে-মেয়েদের কৃমিনাশক ওষুধ 'অ্যালবেনডাজেল' বিনামূল্যে খাওয়ানো হবে। প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ১ থেকে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের এবং প্রতিটি সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে ৬ থেকে ১৯ বছর বয়স পর্যন্ত ছেলে-মেয়েদের এই ওষুধ খাওয়ানো হবে। বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যাদের নাম নথিভুক্ত নেই সেই সমস্ত ১ থেকে ১৯ বছর বয়স পর্যন্ত ছেলে-মেয়েদের সংশ্লিষ্ট অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিনামূল্যে কৃমিনাশক ওষুধ খাওয়ানো হবে। আশাকর্মীরা তাদের চিহ্নিত করে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নিয়ে আসবেন। পাশাপাশি কৃমির সংক্রমণ থেকে রক্ষা পেতে হাত ও পায়ের নখ ছোট রাখুন। খাবার আগে ও মলত্যাগের পর হাত ভাল করে সাবান দিয়ে ধুয়ে নিন।

আমি রাজ্যের সমস্ত অংশের জনগণকে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে আবেদন জানাচ্ছি।


(সুদীপ রায় বর্মণ)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী,
ত্রিপুরা সরকার